TimeofBd.com

অধ্যায় ০২

# ভাগ

## Division



অধ্যায়ের শিখনফল -

| | |
|---|---|
| ১৩.১.১ : অনূর্ধ্ব পাঁচ অঙ্কবিশিষ্ট সংখ্যাকে দুই অঙ্কবিশিষ্ট সংখ্যা দ্বারা ভাগ করতে পারবে।<br>১৩.১.২ : অনূর্ধ্ব পাঁচ অঙ্কবিশিষ্ট সংখ্যাকে তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা দ্বারা ভাগ করতে পারবে। | ১৩.২.১ : ১০ বা ১০০ দ্বারা পাঁচ অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যাকে সহজ পদ্ধতিতে ভাগ করতে পারবে।<br>১৩.২.২ : ১০ বা ১০০ দ্বারা একক বা দশকের ঘরে শূন্যযুক্ত পাঁচ অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যাকে সহজ পদ্ধতিতে ভাগ করত পারবে। |

অধ্যায়ের বিষয়বস্তু পর্যালোচনা -

| বিষয়বস্তু | পর্যালোচনা /সংজ্ঞাসহ উদাহরণ |
|---|---|
| ভাজক | কোনো সংখ্যাকে যে সংখ্যা দ্বারা ভাগ করা হয় সেই সংখ্যাকে ভাজক বলে। যেমন : ১২ ÷ ৪ = ৩ এখানে, ভাজক ৪। |
| ভাজ্য | যে সংখ্যাকে কোনো সংখ্যা দ্বারা ভাগ করা হয় সেই সংখ্যাকে ভাজ্য বলে। যেমন : ১২ ÷ ৪ = ৩; এখানে, ভাজ্য ১২। |
| ভাগফল | ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করে যে সংখ্যা পাওয়া যায় তাকে ভাগফল বলে। যেমন : ১২ ÷ ৪ = ৩; এখানে, ভাগফল ৩। |
| ভাগশেষ | ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করার পর যা অবশিষ্ট থাকে তাই ভাগশেষ।<br>যেমন : ৪ ) ১৩ ( ৩<br>১২<br>১<br>এখানে, ভাগশেষ ১। |
| সূত্রসমূহ | ১) নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে : (i) ভাজ্য ÷ ভাজক = ভাগফল; (ii) ভাজ্য ÷ ভাগফল = ভাজক; (iii) ভাজক × ভাগফল = ভাজ্য।<br>২) নিঃশেষে বিভাজ্য না হলে : (i) ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ; (ii) ভাজক = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাগফল; (iii) ভাগফল = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাজক; (iv) ভাগশেষ = ভাজ্য − (ভাজক × ভাগফল)। |
| সম্পর্ক | ভাজক ও ভাগশেষের সম্পর্ক হলো : ভাগশেষ < ভাজক। |



### স্কুল ও প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রস্তুতির জন্য পাঠ্য বইয়ের অসমাপ্ত অঙ্ক ও অনুশীলনীর পূর্ণাঙ্গ সমাধান

## ২.১. ভাগ করার প্রক্রিয়া

১ ভাগ কর : [পৃষ্ঠা নং-৮]

(১) ৮৩৪২৬ ÷ ৩২
(২) ৬২৬৮৫ ÷ ৮৩
(৩) ৪২১৩৮ ÷ ২০৩
(৪) ৩৩৩৮৪ ÷ ১০৪
(৫) ৬৩৫০০ ÷ ৩০৮
(৬) ৭২৮০০ ÷ ৫২০
(৭) ২৩৪৫৬ ÷ ৭৮৯
(৮) ৩১১৬০ ÷ ৩২৮
(৯) ৫৪২২৩ ÷ ৬০৭
(১০) ৩৪০৬৮ ÷ ৫০১
(১১) ৯১৫০০ ÷ ৯২০
(১২) ৭০০০০ ÷ ৮৪০

সমাধান :

(১) ৮৩৪২৬ ÷ ৩২

```
       ২৬০৭
৩২ ) ৮৩৪২৬
     ৬৪
     ১৯৪
     ১৯২
       ২২
        ০
      ২২৬
      ২২৪
        ২
```

উত্তর : ভাগফল ২৬০৭ ও ভাগশেষ ২।

(২) ৬২৬৮৫ ÷ ৮৩

```
        ৭৫৫
৮৩ ) ৬২৬৮৫
     ৫৮১
      ৪৫৮
      ৪১৫
       ৪৩৫
       ৪১৫
        ২০
```

উত্তর: ভাগফল ৭৫৫, ভাগশেষ ২০।

(৩) ৪২১৩৮ ÷ ২০৩

```
         ২০৭
২০৩ ) ৪২১৩৮
      ৪০৬
       ১৫৩
         ০
      ১৫৩৮
      ১৪২১
       ১১৭
```

উত্তর: ভাগফল ২০৭, ভাগশেষ ১১৭।

(৪) ৩৩৩৮৪ ÷ ১০৪

```
         ৩২১
১০৪ ) ৩৩৩৮৪
      ৩১২
       ২১৮
       ২০৮
        ১০৪
        ১০৪
          ০
```

উত্তর : ভাগফল ৩২১।

(৫) ৬৩৫০০ ÷ ৩০৮

```
         ২০৬
৩০৮ ) ৬৩৫০০
      ৬১৬
       ১৯০
         ০
      ১৯০০
      ১৮৪৮
        ৫২
```

উত্তর: ভাগফল ২০৬ও ভাগশেষ ৫২।

(৬) ৭২৮০০ ÷ ৫২০

```
         ১৪০
৫২০ ) ৭২৮০০
      ৫২০
      ২০৮০
      ২০৮০
         ০
         ০
         ০
```

উত্তর : ভাগফল ১৪০।

www.Educationblog24.com
www.TimeofBd.com
Educationblog24.com

TimeofBd.com

# অধিক প্রস্তুতির জন্য অধ্যায়ভিত্তিক

**প্রস্তুতি মডেল-১**

[বি.দ্র.: এ অংশে অধ্যায়ভিত্তিক পার্ট মডেল দেওয়া হয়েছে। যা অনুশীলন তোমাদের প্রস্তুতিকে পূর্ণাঙ্গ করতে সহায়তা করবে।]

বিষয় : প্রাথমিক গণিত

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : সকল প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। সংক্ষেপে উত্তর উত্তরপত্রে লিখ : ১ × ২০ = ২০

(১) ১টি বইয়ে ৭৫টি পৃষ্ঠা আছে। এরূপ ৫টি বইয়ে কতটি পৃষ্ঠা আছে?

(২) আবির সাহেবের মাসিক সঞ্চয় ২০০০ টাকা। ২ মাসে তার সঞ্চয় কত টাকা?

(৩) তিন অঙ্কবিশিষ্ট গুণক দ্বারা কয় ধাপে গুণ করতে হবে?

(৪) গুণ্য ৮১, গুণক ৫ হলে গুণফল কত?

(৫) ৪২৭ × ২০৮ = ৮৮৮১৬; এখানে গুণ্য কোনটি?

(৬) গুণক নির্ণয়ের সূত্রটি লিখ।

(৭) কোনো সংখ্যাকে যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তাকে কী বলে?

(৮) একটি গ্রামে ১২৪টি পরিবার আছে। প্রতিটি পরিবারে ৮ জন করে লোক বাস করে। তবে ঐ গ্রামে কতজন লোক বাস করে?

(৯) ৩☐২ × ৩ = ৯৩৬; খালিঘরের সংখ্যা কত?

(১০) গুণ কিসের সংক্ষিপ্ত রূপ?

(১১) ৪৮৭ × ১০০০; এখানে গুণফল কয় অঙ্কবিশিষ্ট?

(১২) একটি ড্রামে ১২৫ কেজি চাল আছে। এরূপ ৫টি ড্রামে কত কেজি চাল আছে?

(১৩) গুণ্য = গুণফল ☐ গুণক; খালি ঘরে কোন চিহ্ন বসবে?

(১৪) ৯৯ × ১২ কে সহজ পদ্ধতিতে গুণের জন্য ৯৯ কে কীভাবে লিখতে হবে?

(১৫) ২৫ × ১০ = কত?

(১৬) এক ব্যক্তির দৈনিক ব্যয় ১৫০ টাকা হলে তার মাসিক ব্যয় কত টাকা?

(১৭) ১টি টেবিলের মূল্য ১০০০ টাকা। এরূপ ৩টি টেবিলের মূল্য কত?

(১৮) ১টি বাগানে ৪৫টি আমগাছ থাকলে ৬টি বাগানে কতটি আমগাছ থাকবে?

(১৯) ৩৫৭ × ২৯ = ১০৩৫৩; এখানে গুণফল কোনটি?

(২০) একটি শ্রেণিতে ৬০জন শিক্ষার্থী আছে। প্রত্যেকে ২০ টাকা করে চাঁদা দিলে মোট কত টাকা হবে?

২। একটি বইয়ে ৪৩০ টি পৃষ্ঠা আছে। বইটির ক্রয়মূল্য ২২০ টাকা। শিলা এরূপ ২০টি বই কিনল। শায়লা শিলার কেনা বইয়ের সংখ্যার দ্বিগুণ সংখ্যক বই কিনল।

(ক) শায়লা কতগুলো বই কিনেছিল? ২

(খ) শিলার ক্রয়কৃত বইগুলোর মোট পৃষ্ঠা সংখ্যা কত? ৩

(গ) শায়লার বই কিনতে কত টাকা লাগবে? ৩

৩। একজন দিনমজুর প্রতিদিন আয় করেন ৫২৫ টাকা। তিনি দৈনিক সংসার খরচে ৩২৫ টাকা ব্যয় করেন এবং বাকি টাকা তিনি জমিয়ে রাখেন। [১ মাস = ৩০ দিন]

(ক) এক মাসে তিনি কত টাকা আয় করেন? ২

(খ) ঐ শ্রমিকের বাৎসরিক আয় কত টাকা? ২

(গ) এক মাসে তিনি সংসার খরচ বাবদ মোট কত টাকা ব্যয় করেন? ৪

৪। রসুলপুর গ্রামের গ্রামবাসীরা রাস্তা মেরামতের জন্য টাকা তোলার সিদ্ধান্ত নিলেন। গ্রামে ১২৪টি পরিবার আছে। প্রত্যেক পরিবার ২৫০ টাকা করে জমা দেয়।

(ক) প্রতি পরিবারে ৮ জন করে লোক বাস করলে ঐ গ্রামে কতজন লোক বাস করে? ২

(খ) ঐ গ্রামের একটি পরিবারের দৈনিক আয় ১২৫০ টাকা হলে এক সপ্তাহে ঐ পরিবার কত আয় করবে? ৩

(গ) রাস্তা মেরামতের জন্য ঐ গ্রাম থেকে সর্বমোট কত টাকা তোলা যাবে? ৩

৫। একটি গুদামঘরে ১৫০টি চালের বস্তা আছে। প্রতি বস্তায় ৫০ কেজি করে চাল আছে। প্রতি কেজি চালের মূল্য ৬৪ টাকা।

(ক) প্রতি বস্তায় কত টাকার চাল আছে? ২

(খ) গুদাম ঘরে মোট কত কেজি চাল আছে? ৩

(গ) এরূপ ৩০টি গুদাম ঘরে কত কেজি চাল আছে? ৩

৬। একজন শ্রমিক প্রতিদিন আয় করেন ৩২৫ টাকা। তার দৈনিক যাতায়াত বাবদ খরচ ২৫ টাকা এবং সংসার খরচ যাতায়াত খরচের পাঁচগুণ।

(ক) তার দৈনিক সংসার বাবদ খরচ কত? ২

(খ) ঐ শ্রমিকের বাৎসরিক আয় কত টাকা? ৪

(গ) এক মাসে তিনি সংসার বাবদ কত টাকা ব্যয় করেন? ২

৭। এক ব্যক্তির দৈনিক খরচ ২৭৫ টাকা। এক বছরে তাঁর খরচ কত হবে? [১ বছর = ৩৬৫ দিন] ৮

৮। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৬ × ২ = ১২

(ক) ১ টি গুদামে ৮৩২৬ কেজি চাল আছে। এরূপ ৫০০টি গুদামে কত কেজি চাল আছে?

(খ) শিখা ও মিলা দুই বোন। শিখার বয়স মিলার বয়সের দ্বিগুণ। মিলার বয়স ৬ বছর। শিখা পরীক্ষায় ভালো ফলাফল করায় তাদের বাবা শিখাকে একটি জামা উপহার দিলেন যার মূল্য শিখার বয়সের ১২৫ গুণ। জামাটির মূল্য কত?

(গ) একজন শিক্ষক ৬০ জন শিক্ষার্থীর প্রত্যেকে ২টি করে চকলেট দিলেন। প্রতিটি চকলেটের মূল্য ১৫ টাকা। শিক্ষক মোট কত টাকার চকলেট দিলেন?

৯। একটি ছাত্রাবাসে ৩৩০ জন ছাত্র আছে এবং প্রত্যেকে দৈনিক খাদ্য বাবদ ১৫৫ টাকা করে দেয়। দৈনিক মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ৮

১০। তোমার গণিত বইয়ে ১৪৪ পৃষ্ঠা আছে। যদি তোমার এরূপ ১৫টি বই থাকে তাহলে ঐ বইগুলোর পৃষ্ঠা সংখ্যা কত হবে? ৪

১১। একটি ক্যালকুলেটরের মূল্য ২৬০ টাকা এবং একটি খাতার দাম ৬৫ টাকা।

(ক) এক ডজন খাতার দাম কত? ৩

(খ) এরূপ দুইটি ক্যালকুলেটরের দাম কত? ২

(গ) দেখাও যে, একটি ক্যালকুলেটরের দাম একটি খাতার দামের চারগুণ। ৩

## উত্তরমালা

১। (১) ৩৭৫ টি; (২) ৪০০০ টাকা; (৩) ৩টি; (৪) ৪০৫; (৫) ৪২৭; (৬) গুণফল ÷ গুণ্য; (৭) গুণক; (৮) ৯৯২ জন; (৯) ১; (১০) যোগের; (১১) ছয়; (১২) ৬২৫ কেজি; (১৩) ÷; (১৪) ১০০-১; (১৫) ২৫০; (১৬) ৪৫০০ টাকা; (১৭) ৩০০০ টাকা; (১৮) ২৭০টি ; (১৯) ১০৩৫৩; (২০) ১২০০ টাকা।

২। (ক) ৪০টি; (খ) ৮৬০০টি; (গ) ৮৮০০ টাকা

৩। (ক) ১৫৭৫০ টাকা; (খ) ১৮৯০০০ টাকা; (গ) ৯৭৫০ টাকা।

৪। (ক) ৯৯২ জন; (খ) ৮৭৫০ টাকা; (গ) ৩১০০০ টাকা।

৫। (ক) ৩২০০ টাকার; (খ) ৭৫০০ কেজি; (গ) ২২৫০০০ কেজি।

৬। (ক) ১২৫ টাকা; (খ) ১১৮৬২৫ টাকা; (গ) ৩৭৫০ টাকা।

৭। ১০০৩৭৫ টাকা।

৮। (ক) ৪১৬৩০০০ কেজি ; (খ) ১৫০০ টাকা; (গ) ১৮০০ টাকা।

৯। ৫১১৫০ টাকা। ১০। ২১৬০ পৃষ্ঠা।

১১। (ক) ৭৮০ টাকা; (খ) ৫২০ টাকা।

www.TimeofBd.Com
www.Educationblog24.com
Educationblog24.com

TimeofBd.com

(৩) ৬২৩৫ ÷ ১০০

এখানে, ভাজক ১০০। ভাজ্যের ডানদিক থেকে দুই অঙ্কের নিচে দাগ এবং বাকি অঙ্কে বৃত্ত দিয়ে পাই,

৬২৩৫ ÷ ১০০ = (৬২) ৩৫

∴ ভাগফল ৬২ এবং ভাগশেষ ৩৫।

(৪) ৯৪০০ ÷ ১০০

এখানে, ভাজক ১০০। ভাজ্যের ডানদিক থেকে দুই অঙ্কের নিচে দাগ এবং বাকি অঙ্কে বৃত্ত দিয়ে পাই,

৯৪০০ ÷ ১০০ = (৯৪) ০০

∴ ভাগফল ৯৪।

(৫) ৫৪৮২৬ ÷ ১০০

এখানে, ভাজক ১০০। ভাজ্যের ডানদিক থেকে দুই অঙ্কের নিচে দাগ এবং বাকি অঙ্কে বৃত্ত পাই,

৫৪৮২৬ ÷ ১০০ = (৫৪৮) ২৬

∴ ভাগফল ৫৪৮ এবং ভাগশেষ ২৬।

(৬) ৮৫২০০ ÷ ১০০

এখানে, ভাজক ১০০। ভাজ্যের ডানদিক থেকে দুই অঙ্কের নিচে দাগ এবং বাকি অঙ্কে বৃত্ত দিয়ে পাই,

৮৫২০০ ÷ ১০০ = (৮৫২) ০০

∴ ভাগফল ৮৫২।

**৪** কোনো বাড়িতে ৯৮০০০ গ্রাম চাল আছে। তাদের যদি প্রতিদিন ৬৫০ গ্রাম চাল লাগে, তবে কততম দিনে চাল শেষ হবে? ★★★

(উত্তর ক্রমবাচক সংখ্যায়)

সমাধান : ৬৫০ গ্রাম চাল লাগে ১ দিনে

∴ ৯৮০০০ গ্রাম চাল চলবে (৯৮০০০ ÷ ৬৫০) দিন

১৫০
৬৫০) ৯৮০০০
৬৫০
৩৩০০
৩২৫০
৫০০

এখানে, ভাগফল ১৫০ এবং ভাগশেষ ৫০০

যেহেতু ১৫০তম দিন চলার পরও ৫০০ গ্রাম চাল অবশিষ্ট থাকে;

সুতরাং, চাল শেষ হবে (১৫০ + ১)তম দিনে = ১৫১তম দিনে

উত্তর : ১৫১ তম দিন।

**৫** একটি বই তৈরি করতে ১২৮ তা কাগজ লাগে। ৬০০০০ তা কাগজ দিয়ে কয়টি বই তৈরি করা যাবে? ★

সমাধান : ১২৮ তা কাগজ লাগে = ১টি বই তৈরি করতে

∴ ৬০০০০ তা কাগজ দিয়ে বই তৈরি করা যাবে (৬০০০০ ÷ ১২৮)টি

৪৬৮
১২৮) ৬০০০০
৫১২
৮৮০
৭৬৮
১১২০
১০২৪
৯৬

এখানে ভাগফল ৪৬৮ ভাগশেষ ৯৬

∴ ৪৬৮টি বই তৈরি করা যাবে, অবশিষ্ট থাকবে ৯৬ তা কাগজ।

উত্তর : ৪৬৮টি।

**৬** একটি কোম্পানির ব্যবসায় ৯৫২০০ টাকা লাভ হলো এবং তা কর্মচারীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত হলো। যদি প্রত্যেক কর্মচারী ৮০০ টাকা করে পান, তাহলে কর্মচারীর সংখ্যা কত? ★★

সমাধান : ৮০০ টাকা করে পান = ১ জন কর্মচারী

∴ ৯৫২০০ টাকা পাবেন (৯৫২০০ ÷ ৮০০) জন কর্মচারী

১১৯
৮০০) ৯৫২০০
৮০০
১৫২০
৮০০
৭২০০
৭২০০
০

এখানে ভাগফল ১১৯

∴ কর্মচারীর সংখ্যা ১১৯ জন।

উত্তর : ১১৯ জন।

**৭** একজন লোক প্রতি মাসে ৮৫০ টাকা করে সঞ্চয় করেন। কততম মাসে তার সঞ্চিত টাকা ৫০০০০ অতিক্রম করবে? ★★★

(উত্তর ক্রমবাচক সংখ্যায়)

সমাধান : ৮৫০ টাকা করে সঞ্চয় করেন = ১ মাসে

∴ ৫০০০০ টাকা সঞ্চয় করবেন (৫০০০০ ÷ ৮৫০) মাসে

৫৮
৮৫০) ৫০০০০
৪২৫০
৭৫০০
৬৮০০
৭০০

এখানে ভাগফল ৫৮ ভাগশেষ ৭০০

অর্থাৎ, ৫৮ তম মাসে সঞ্চয় করার পরেও ৭০০ টাকা বাকি থাকে।

∴ (৫৮ + ১) তম = ৫৯ তম মাসে সঞ্চিত টাকা ৫০০০০ অতিক্রম করবে।

উত্তর : ৫৯তম মাস।

**৮** একটি বাক্সে ২৫০টি বস্তু প্যাকেট করা যায়। এরকম ৪৩৫৪৮টি বস্তু প্যাকেট করার জন্য কয়টি বাক্স প্রয়োজন?

সমাধান : ২৫০টি বস্তু প্যাকেট করা যায় = ১টি বাক্সে

∴ ৪৩৫৪৮টি বস্তু প্যাকেট করতে বাক্সের প্রয়োজন (৪৩৫৪৮ ÷ ২৫০)টি

১৭৪
২৫০) ৪৩৫৪৮
২৫০
১৮৫৪
১৭৫০
১০৪৮
১০০০
৪৮

এখানে, ভাগফল ১৭৪ এবং ভাগশেষ ৪৮

অর্থাৎ, ১৭৪টি বাক্সে প্যাকেট করার পরও ৪৮টি বস্তু অবশিষ্ট থাকে।

সুতরাং, মোট বাক্সের প্রয়োজন (১৭৪ + ১)টি = ১৭৫টি

উত্তর : ১৭৫টি

[বি.দ্র.: পাঠ্যবইয়ের উত্তরটি সঠিক নয়]

www.Timeofbd.com
www.Educationblog24.com
Educationblog24.com

TimeofBd.com

# পরীক্ষা প্রস্তুতি সহায়ক গুরুত্বপূর্ণ অনুশীলনমূলক প্রশ্ন ও উত্তর

সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নের ধরন অনুযায়ী নিচের অংশটুকু সাজানো হলো। তোমাদের পরীক্ষার পূর্বপ্রস্তুতির জন্য এই অংশের অবতারণা। আশাকরি তোমাদের পরীক্ষার ভীতি দূর হবে এবং ভালো ফলাফল অর্জন করতে পারবে।

## ১ প্রশ্নের ক্রমধারা যোগ্যতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

নোট : সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ১নং প্রশ্নের ধরন অনুযায়ী সম্পূর্ণ বই থেকে ২০ নম্বরের (১×২০ = ২০) সংক্ষিপ্ত প্রশ্ন থাকবে এর মধ্যে প্রতিটি প্রশ্নই যোগ্যতাভিত্তিক, যার উত্তর করা বাধ্যতামূলক। এজন্য এই অংশের অবতারণা।

### পাঠ-২.১ : ভাগ করার প্রক্রিয়া

১. যে সংখ্যা দ্বারা ভাগ করা হয় তাকে কী বলে?
*(সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ঢাকা, বিসিআইসি কলেজ)*
উত্তর : ভাজক

২. যে সংখ্যাকে ভাগ করা হয় সেটি কী?
*(সরকারি বিজ্ঞান কলেজ, সংযুক্ত হাইস্কুল, ঢাকা, জামালপুর জিলা স্কুল)*
উত্তর : ভাজ্য

৩. ভাজক, ভাগফল, ভাগশেষ ও ভাজ্যের মধ্যে সম্পর্কটি লেখ।
*(অগ্রণী গার্লস স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)*
উত্তর : ভাজক × ভাগফল + ভাগশেষ = ভাজ্য

৪. নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজক নির্ণয়ের সূত্রটি লেখ।
*[প্রা:শি:স:প: ২০১৬]*
উত্তর : ভাজক = ভাজ্য ÷ ভাগফল

৫. নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজ্য নির্ণয়ের সূত্রটি লিখ।
*[প্রা:শি:স:প: ২০১৫]*
উত্তর : ভাজ্য = ভাজক × ভাগফল

৬. ভাজক ও ভাগশেষের সম্পর্ক কী?
*(ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, খিলগাঁও, ঢাকা)*
উত্তর : ভাগশেষ < ভাজক

৭. নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজ্য নির্ণয়ের সূত্রটি লিখ।
*(মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা, শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি)*
উত্তর : ভাজ্য = (ভাজক × ভাগফল) + ভাগশেষ

৮. ভাজক নির্ণয়ের জন্য কোন সূত্র ব্যবহার করা হয়?
*(নাসিরাবাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম)*
উত্তর : নিঃশেষে বিভাজ্য হলে, ভাজক = ভাজ্য ÷ ভাগফল;
নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজক = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল;

৯. (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক = কী?
*(রংপুর জিলা স্কুল, শেরপুর সরকারি ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ভাগফল

১০. নিঃশেষে বিভাজ্য না হলে, ভাগফল নির্ণয়ের সূত্র কী?
*(মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ভাগফল = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাজক

১১. ভাগশেষ কত হলে নিঃশেষে বিভাজ্য হবে?
*(বাংলাবাজার সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ০

১২. ভাগশেষ নির্ণয়ের সূত্রটি লেখ।
*(সরকারি করোনেশন বালিকা বিদ্যালয়, খুলনা)*
উত্তর : ভাগশেষ = ভাজ্য – (ভাজক × ভাগফল)

১৩. ভাজক × ভাগফল = কী?
*(ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, জাহানাবাদ, খুলনা)*
উত্তর : ভাজ্য

১৪. ভাগশেষ শূন্য হলে; ভাজক, ভাগফল ও ভাজ্যের মধ্যে সম্পর্ক লিখ।
উত্তর : ভাজ্য = ভাজক × ভাগফল

১৫. ভাগশেষ ও ভাজকের মাঝে চিহ্ন বসিয়ে ছোট বড় দেখাও।
*(অনুধাবন)*
উত্তর : ভাগশেষ < ভাজক

১৬. (ভাজ্য – □) ÷ ভাগফল = ভাজক; খালি ঘরে কী হবে?
উত্তর : ভাগশেষ

১৭. নিঃশেষে বিভাজ্য না হলে ভাজক সমান কী? *(প্রা.শি.স.প.-২০১৭)*
উত্তর : ভাজক = (ভাজ্য – ভাগশেষ) ÷ ভাগফল

১৮. নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে কোনটি থাকে না?
*(বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)*
উত্তর : ভাগশেষ

১৯. ভাজ্য শূন্য হলে ভাগফল কত হয়?
*(সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)*
উত্তর : ০

২০. ভাজ্য ÷ ভাগফল = কী?
*(সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি)*
উত্তর : ভাজক

২১. ৫৩১৪৬ কে ১০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে?
*[প্রা. শি. স.-১৯, কোড-৬২৭, ৬৪৬]*
উত্তর : ৬

২২. ৮২৫০০ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে?
*[প্রা. শি. স.-১৯, কোড-৬৩৫, ৬৪৮, ৬৭৩, ৬৭৫]*
উত্তর : ৮২৫

২৩. ৬৯৩৭৩ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?
*[প্রা. শি. স.-১৯, কোড-৬৩৯]*
উত্তর : ৩

২৪. ভাজ্য ২৫০০০ এবং ভাজক ১০০ হলে, ভাগফল কত?
*[প্রা:শি:স:প: ২০১৮]*
উত্তর : ২৫০

২৫. ৯২৬০০ ÷ ১০০ = ? *[প্রা:শি:স:প: ২০১৮]*
উত্তর : ৯২৬

২৬. ৫৩৯১ ÷ ১০০ এর ভাগশেষ কত? *[প্রা:শি:স:প: ২০১৮]*
উত্তর : ৯১

২৭. ৬৩৫০০ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগফল কত?
উত্তর : ৬৩৫

২৮. ৯৪০০ কে ১০০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে?
উত্তর : শূন্য (০)

২৯. ৯৯৯ ÷ ১০ = কত? *(বিএএফ শাহীন কলেজ, ঢাকা)*
উত্তর : ভাগফল ৯৯ ভাগশেষ ৯

৩০. ৮০ ÷ ৬ এর ভাগফল ১২ ও ভাগশেষ ৮; গাণিতিক বাক্যটি ভুল কেন?
উত্তর : কারণ, ভাগশেষ > ভাজক; ভাগফল হবে ১৩, ভাগশেষ হবে ২।

৩১. একটি ভাগ অঙ্কে ভাজ্য ৩৭০৩৭, ভাজক ৪১৬, ভাগফল ৮৯ ও ভাগশেষ ১৩। ভাজ্য কত হলে উক্ত ভাগ অঙ্কটি নিঃশেষে বিভাজ্য হবে? *(আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা)*
উত্তর : ৩৭০২৪
[ব্যাখ্যা : ভাজ্য = ৩৭০৩৭ – ১৩ = ৩৭০২৪]

www.TimeofBd.Com
www.Educationblog24.com
Educationblog24.com

TimeofBd.com





৩২. ৮৭৫২০ ÷ ১০ = কত? (সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)
উত্তর : ৮৭৫২

৩৩. ভাজক ৫, ভাগফল ৩, ভাগশেষ ২ হলে ভাজ্য কত?
উত্তর : ১৭
[ব্যাখ্যা : ভাজ্য = (৫ × ৩) + ২ = ১৫ + ২ = ১৭]

৩৪. ২৪৫৯ কে ২০৪ দ্বারা ভাগ করলে, ভাজক কত? উত্তর : ২০৪

৩৫. ৬৪৫৮ ÷ ১০০ এর ভাগফল ৬৪, ভাগশেষ কত? (প্রয়োগ)
উত্তর : ৫৮

৩৬. ভাজক ৭, ভাগফল ৪, ভাগশেষ ৩ হলে ভাজ্য কত? (প্রয়োগ)
উত্তর : ৩১

৩৭. ভাজক ৮, ভাজ্য ৪০ হলে ভাগশেষ কত? (প্রয়োগ)
উত্তর : ০

৩৮. ৭৪৫৩২ ÷ ১০০ = ভাগফল □, ভাগশেষ ৩২; খালি ঘরে কত হবে? (প্রয়োগ)
উত্তর : ৭৪৫

৩৯. ৯৯০০০ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? [প্রা.শি.স.প. ২০১৭, ২০১৩]
উত্তর : ৯৯০০

৪০. ৯৩৫০০ ÷ ১০০ = ? [প্রা:শি:স:প: ২০১৬]
[নালিতাবাড়ী উপজেলা আদর্শপ্রাথমিক বিদ্যালয়, জামালপুর]
উত্তর : ৯৩৫

৪১. ৫৫০০০ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? [প্রা:শি:স:প: ২০১৫]
উত্তর : ৫৫০০

৪২. ভাজ্য ৫৭, ভাগফল ৮ এবং ভাগশেষ ১ হলে ভাজক কত?
উত্তর : ৭
[ব্যাখ্যা : (৫৭ − ১) ÷ ৮ = ৫৬ ÷ ৮ = ৭]

৪৩. ৪০০২৫ কে ১০০ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে? (ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ)
উত্তর : ২৫

৪৪. রাজু ৪২৬ কে ৩ দ্বারা ভাগ করল। ভাজ্য কত? উত্তর : ৪২৬

৪৫. ভাজ্য ৯৮৭৬৫ এবং ভাজক ১০০ হলে ভাগশেষ কত হবে? (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)
উত্তর : ৬৫

৪৬. ভাজক ২৫, ভাগফল ১৫ এবং ভাগশেষ ১১ হলে ভাজ্য কত? (আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা)
উত্তর : ৩৮৬
[ব্যাখ্যা : (২৫ × ১৫) + ১১ = ৩৭৫ + ১১ = ৩৮৬]

৪৭. (□ − ১) ÷ ১২ = ৫; খালি ঘরে কত হবে?
উত্তর : ৬১

৪৮. ৮৮০০০ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? (মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা)
উত্তর : ৮৮০০

৪৯. কোনো ভাগ অঙ্কের ভাজ্য ২০১৫০ এবং ভাজক ১০০০ ও ভাগশেষ ১৫০ হলে, ভাগফল কত? (মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা)
উত্তর : ২০
[ব্যাখ্যা : (২০১৫০−১৫০) ÷ ১০০০ = ২০০০০ ÷ ১০০০ = ২০]

৫০. ৪৪৫০০ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে? [প্রা:শি:স:প: ২০১৫]
উত্তর : ৪৪৫

৫১. □ ÷ ১৩ = ১১; এখানে খালি ঘরে কী বসবে? (আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা)
উত্তর : ১৪৩
[ব্যাখ্যা : ভাজ্য = ১৩ × ১১ = ১৪৩]

৫২. ভাগশেষ ৪ এবং ভাজক ভাগশেষের ৩ গুণ হলে, ভাজক কত? (আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা)
উত্তর : ১২

৫৩. ভাজ্য ১৭৫, ভাগফল ৫, ভাগশেষ ০, ভাজক কত? (বিএএফ শাহীন কলেজ, ঢাকা)
উত্তর : ৩৫

৫৪. ভাজক ৮, ভাগফল ৫, ভাগশেষ ৭ হলে ভাজ্য কত? (গভ. ল্যাবরেটরি হাইস্কুল, ঢাকা)
উত্তর : ৪৭
[ব্যাখ্যা : ভাজ্য = (৮ × ৫) + ৭ = ৪০ + ৭ = ৪৭]

৫৫. ৫৬৭৮৯ ÷ ৪১৮ এর ভাগফল ১৩৪ ও ভাগশেষ ৭৭৭। ভাগ প্রক্রিয়াটি ভুল হওয়ার কারণ কী? (তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা)
উত্তর : ভাগশেষ > ভাজক

৫৬. ৮৩৬৮ কে ১৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত? (সরকারি বিজ্ঞান কলেজ, সংযুক্ত হাইস্কুল, ঢাকা)
উত্তর : ০

৫৭. ভাজক ১০, ভাগফল ১০ ও ভাগশেষ ১ হলে ভাজ্য কত? (মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা)
উত্তর : ১০১

৫৮. ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ ০ হলে, ভাজ্য কত? (মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা)
উত্তর : ১৯৫০

৫৯. ভাজক ১৫ ও ভাগফল ২৭ হলে ভাজ্য কত? (ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, ঢাকা)
উত্তর : ৪০৫

৬০. ভাজ্য ৩৪৩০৫, ভাজক ১০০ ও ভাগশেষ ৫ হলে ভাগফল কত? (প্রয়োগ)
উত্তর : ৩৪৩

৬১. ভাজ্য, ভাজকের দ্বিগুণ অপেক্ষা ১ বেশি। ভাজক ৩ হলে ভাগফল কত?
উত্তর : ২
[ব্যাখ্যা : ভাজ্য = (৩ × ২) + ১ = ৬ + ১ = ৭
∴ ৭ ÷ ৩ = ভাগফল ২ ও ভাগশেষ ১]

৬২. ২৪১২ ÷ ১০ = ২৪১ ভাগশেষ □; খালিঘরে কত হবে?
উত্তর : ২

৬৩. কোনো ভাগ অঙ্কে ভাজ্য এবং ভাজক সমান (০ ব্যতীত) হলে, ভাগফল কত হবে? (নাসিরাবাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম)
উত্তর : ১

৬৪. ৪৪৬০০ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগফল কত হবে? (নাসিরাবাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম)
উত্তর : ৪৪৬

৬৫. ৩৭৫ কে ২৫ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? (সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট)
উত্তর : ১৫

৬৬. ৩৩০০০ ÷ ১০০ = কত? (বিসিআইসি কলেজ, ঢাকা)
উত্তর : ৩৩০

৬৭. ২৪৬৫ কে ১০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত থাকবে? (মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইন্সটিটিউট, ঢাকা)
উত্তর : ৫

৬৮. ৫৪৮২৬ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে? (ময়মনসিংহ জিলা স্কুল)
উত্তর : ২৬

৬৯. ভাজ্য ৩৭৯২০, ভাগফল ১২ ও ভাগশেষ ০, ভাজক কত? (শেরপুর সরকারি [illegible])
উত্তর : ৩১৬০

Educationblog24.com

TimeofBd.com

৭০. ১২৫৫০ + ২৫ = কত? *(বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)*
উত্তর : ৫০২

৭১. ভাজ্য ৬২৫, ভাগশেষ ০, ভাজক ২৫ হলে, ভাগফল কত? *(কুমিল্লা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ স্কুল, কুমিল্লা)*
উত্তর : ২৫

৭২. ৬৩৫২৪ কে ৫০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে? *(সরকারি করোনেশন বালিকা বিদ্যালয়, খুলনা)*
উত্তর : ২৪

৭৩. ভাগশেষ ২, ভাজক ৫, ভাগফল ৬ হলে, ভাজ্য কত? উত্তর: ৩২
[ব্যাখ্যা : ভাজ্য = (৫ × ৬) + ২ = ৩০ + ২ = ৩২]

৭৪. কোনো ভাগ অঙ্কে ভাজ্য ৩৬০ ও ভাজক ৭২ হলে ভাগফল নিচের কোনটি? *(লালবাগ প্রাথমিক শিক্ষা সমিতি)*
উত্তর : ৫

৭৫. ভাজক ১০, ভাগফল ১০ এবং ভাগশেষ ৫ হলে ভাজ্য কত?
উত্তর : ১০৫

৭৬. ৯৮৭৬৫ ÷ ১০০ এর ভাগফল কয় অঙ্কবিশিষ্ট? ? *(ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয়, ঝালকাঠি)*
উত্তর : তিন

৭৭. ৮০৫ ÷ ৫ এর ভাগশেষ কত? *(অনুধাবন)*
উত্তর : শূন্য (০)

৭৮. ভাজ্য ৫৬০, ভাজক ১০ হলে ভাগফল কত? *(প্রয়োগ)*
উত্তর : ৫৬

৭৯. ভাজ্য ৩২৬৪, ভাজক ১০০ হলে ভাগশেষ কত? *(প্রয়োগ)*
উত্তর : ৬৪

৮০. ভাজ্য ৪৫৫৭, ভাজক ১০, ভাগফল ৪৫৫ হলে ভাগশেষ কত? *(প্রয়োগ)*
উত্তর : ৭

৮১. ২১ ÷ ৬ এ ভাজ্য থেকে কমপক্ষে কত বিয়োগ করলে ভাগশেষ ০ হবে? *(অনুধাবন)*
উত্তর : ৩

৮২. ৬০৯৫ ÷ ১০ এর ভাগফলকে বৃত্ত এবং ভাগশেষের নিচে দাগ দিয়ে চিহ্নিত কর। *(জ্ঞান)*
উত্তর : (৬০৯) <u>৫</u>

৮৩. ভাজক ৯, ভাগফল ৪, ভাগশেষ ২ হলে ভাজ্য কত? *(প্রয়োগ)*
উত্তর : ৩৮

৮৪. ৩৮৬৫ ÷ ১০০ এর ক্ষেত্রে ভাগফল ও ভাগশেষ কত? *(অনুধাবন)*
উত্তর : ভাগফল ৩৮, ভাগশেষ ৬৫

৮৫. ভাজ্য ৩৪, ভাগফল ৮, ভাগশেষ ২ হলে ভাজক কত? *(প্রয়োগ)*
উত্তর : ৪

৮৬. ১২২৫ ÷ ১০০ এর ভাগশেষ কয় অঙ্কবিশিষ্ট? *(অনুধাবন)*
উত্তর : ২

৮৭. দুই অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ২০০ কে গুণ করলে গুণফল ১৯৮০০ হবে? *[প্রা:শি:স:প: ২০১৫]*
উত্তর : ৯৯

৮৮. কোনো ভাগ অঙ্কে ভাজ্য ২০১৫০ এবং ভাজক ১০০০ হলে ভাগশেষ কত? *[প্রা:শি:স:প: ২০১৪]*
উত্তর : ১৫০

৮৯. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাকে ১০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে? *(সরকারি বিজ্ঞান কলেজ, সংযুক্ত হাইস্কুল, ঢাকা)*
উত্তর : ০

## পাঠ-২.২. : ভাগ সম্পর্কিত সমস্যা

৯০. ২৫টি আমের দাম ৩৭৫ টাকা হলে, ১টি আমের দাম কত? *(মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ১৫ টাকা

৯১. কন্যার বয়সের ৫ গুণ ৮০ বছর হলে কন্যার বয়স কত? *(মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়)*
উত্তর : ১৬ বছর
[ব্যাখ্যা : কন্যার বয়স (৮০ ÷ ৫) বছর = ১৬ বছর]

৯২. ১৫ টি টেবিলের দাম ৪৫,০০০ টাকা হলে ১টি টেবিলের দাম কত? *[প্রা:শি:স:প: ২০১৮]*
উত্তর : ৩০০০ টাকা
[ব্যাখ্যা : ১টি টেবিলের দাম (৪৫০০০ + ১৫) টাকা = ৩০০০ টাকা]

৯৩. একজন লোক ১ বছরে ২৪০০০ টাকা সঞ্চয় করেন। ১ মাসে তার কত টাকা সঞ্চয় হবে? *[প্রা:শি:স:প: ২০১৮]*
উত্তর : ২০০০ টাকা
[ব্যাখ্যা : ১২ মাসে সঞ্চয় করেন ২৪০০০ টাকা
১ মাসে সঞ্চয় করেন (২৪০০০+১২) টাকা = ২০০০ টাকা]

৯৪. দুইটি সংখ্যার গুণফল ২২৫। একটি সংখ্যা ২৫ হলে, অপর সংখ্যাটি কত? *[প্রা:শি:স:প: ২০১৭]*
উত্তর : ৯
[ব্যাখ্যা : ২২৫ + ২৫ = ৯]

৯৫. এক কুইন্টাল চালের দাম ৫৬০০ টাকা হলে, প্রতি কেজি চালের দাম কত? (প্রা.শি.স.প. ১৬)
উত্তর : ৫৬ টাকা
[ব্যাখ্যা : ৫৬০০ + ১০০ (১ কুইন্টাল = ১০০ কেজি) = ৫৬]

৯৬. ৮টি ডিমের দাম ৭২ টাকা হলে ১টি ডিমের দাম কত? (প্রা.শি.স.প. ১৬)
উত্তর : ৯ টাকা

৯৭. ৭ ডজন আম ৬ জন বন্ধুকে সমান ভাগে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে আম পাবে? উত্তর : ১৪টি
[ব্যাখ্যা : (৭ × ১২) + ৬ = ৮৪ + ৬ = ১৪]

৯৮. ১টি বই তৈরি করতে ১২৮ তা কাগজ লাগে। ৬০০০০ তা কাগজ দিয়ে কয়টি বই তৈরি করা যাবে? *(মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা)*
উত্তর : ৪৬৮টি

৯৯. রায়হান সাহেবের ১০ দিনের আয় ৩০০০ টাকা হলে তার দৈনিক আয় কত? *(নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম)*
উত্তর : ৩০০ টাকা

১০০. ৩৩৪টি আম ১৫ জনের মধ্যে ভাগ করে দিলে কয়টি আম অবশিষ্ট থাকবে? *[প্রা.শি.স.প.-২০১৭]*
উত্তর : ৪টি

১০১. ৫টি আমের দাম ৭৫ টাকা হলে ১টির দাম কত? *[প্রা:শি:স:প: ২০১৫]*
উত্তর : ১৫ টাকা

১০২. প্রত্যেককে ১ হালি করে ২৪টি আম সমানভাবে ভাগ করে দিলে কতজনকে আমগুলো দেওয়া যাবে? *(মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ৬ জনকে

১০৩. একটি বৃত্তাকার পথের একচক্র সমান ৫০০ মিটার। ক্রমবাচক সংখ্যায় কতবারে ১০৫০০ মিটার পথ অতিক্রম করা যাবে? *(মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা)*
উত্তর : ২১শ

১০৪. ৩ কেজি চালের দাম ৬০ টাকা হলে, ১ কেজির দাম কত? *(সরকারি বিজ্ঞান কলেজ, সংযুক্ত হাইস্কুল, ঢাকা)*
উত্তর : ২০ টাকা

১০৫. একটি ঝুঁড়িতে ২২৫টি লিচু আছে। ৩০৩৭৫ টি লিচুর জন্য এরূপ কয়টি ঝুঁড়ি লাগবে? *(উইলস লিটল ফ্লাওয়ার্স স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা)*
উত্তর : ১৩৫
[ব্যাখ্যা : ঝুঁড়ির সংখ্যা = ৩০৩৭৫ + ২২৫ = ১৩৫]

১০৬. কোন সংখ্যা থেকে ১ বিয়োগ করে বিয়োগফলকে ৫ দ্বারা ভাগ করলে ভাগফল ৪ হবে?
উত্তর : ২১
[ব্যাখ্যা : (৫ × ৪) + ১ = ২০ + ১ = ২১]

Educationblog24.com

TimeofBd.com

## ২ প্রশ্নের ক্রমধারা যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন ও সমাধান

নোট : সুপ্রিয় শিক্ষার্থী, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এ অধ্যায় থেকে কোনো যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন থাকবে না। তারপরও অধিক অনুশীলনের জন্য প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ২নং প্রশ্নের সহায়ক প্রশ্ন হিসেবে নিচের অংশটি দেওয়া হলো।

**১** একটি কোম্পানিতে ২২৫ জন কর্মচারী কাজ করেন। কোম্পানিটির মাসে ৯৫৬২৫ টাকা লাভ হলো। লাভের টাকা কর্মচারীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হলো। *(পাঠ ২.২ এর কাজ ১নং এর আলোকে)*

(ক) প্রত্যেক কর্মচারী কত টাকা করে পাবেন? ৩

(খ) প্রত্যেক কর্মচারীকে ৬২৫ টাকা করে দিলে কতজন কর্মচারী লাভের টাকা পাবে না? ৫

সমাধান : (ক) ২২৫ জন কর্মচারীকে দেওয়া হয় ৯৫৬২৫ টাকা

∴ ১ জন কর্মচারীকে দেওয়া হয় (৯৫৬২৫ ÷ ২২৫) টাকা

= ৪২৫ টাকা

এখানে,

২২৫) ৯৫৬২৫ (৪২৫
৯০০
৫৬২
৪৫০
১১২৫
১১২৫
০

∴ প্রত্যেক কর্মচারী ৪২৫ টাকা করে পাবেন।

(খ) ৬২৫ টাকা দেওয়া হয় ১ জন কর্মচারীকে

∴ ৯৫৬২৫ টাকা দেওয়া হয় (৯৫৬২৫ ÷ ৬২৫) জন কর্মচারীকে

= ১৫৩ জন কর্মচারীকে

এখানে,

৬২৫) ৯৫৬২৫ (১৫৩
৬২৫
৩৩১২
৩১২৫
১৮৭৫
১৮৭৫
০

∴ লাভের টাকা পাবে না (২২৫ − ১৫৩) জন কর্মচারী

= ৭২ জন কর্মচারী

**২** একটি গ্রামের রাস্তা মেরামতের জন্য গ্রামবাসী প্রত্যেক পরিবারের কাছ থেকে সমপরিমাণ করে টাকা তোলার সিদ্ধান্ত নিলেন। গ্রামে ৩৬৭ টি পরিবার আছে এবং রাস্তা ঠিক করার জন্য ৮০০০০ টাকা প্রয়োজন। *(পাঠ ২.২ এর কাজ ২নং এর আলোকে)*

(ক) প্রত্যেক পরিবার কত টাকা করে দিবে? ৪

(খ) যদি ৪৭ টি পরিবার গ্রাম ছেড়ে চলে যায়, তাহলে রাস্তা মেরামতের জন্য প্রত্যেক পরিবারকে কত টাকা দিতে হবে? ৪

সমাধান : (ক) রাস্তা মেরামতের জন্য,

৩৬৭টি পরিবার দেয় ৮০০০০ টাকা

∴ ১টি পরিবার দেয় (৮০০০০ ÷ ৩৬৭) টাকা

= ২১৭ টাকা, অবশিষ্ট থাকে ৩৬১ টাকা

এখানে,

৩৬৭) ৮০০০০ (২১৭
৭৩৪
৬৬০
৩৬৭
২৯৩০
২৫৬৯
৩৬১

প্রত্যেক পরিবার ২১৭ টাকা করে দিলে প্রয়োজনীয় টাকার চেয়ে কম টাকা জমা হবে। সুতরাং, প্রত্যেক পরিবার দিবে (২১৭+১) টাকা

= ২১৮ টাকা।

(খ) ৪৭ টি পরিবার গ্রাম ছেড়ে গেলে,

পরিবারের সংখ্যা হবে (৩৬৭ − ৪৭) টি

= ৩২০টি

এখন, রাস্তা মেরামতের জন্য,

৩২০ টি পরিবার দেয় ৮০০০০ টাকা

∴ ১টি পরিবার দেয় (৮০০০০ ÷ ৩২০) টাকা

= ২৫০ টাকা

এখানে,

৩২০) ৮০০০০ (২৫০
৬৪০
১৬০০
১৬০০
০
০
০

সুতরাং, প্রত্যেক পরিবারকে ২৫০ টাকা দিতে হবে।

**৩** মোহনপুর গ্রামের কোনো বাড়িতে ৯৮০০০ গ্রাম চাল আছে। তাদের প্রতিদিন ৬৫০ গ্রাম চাল লাগে। *(অনু. ২ এর প্রশ্ন ৪ এর আলোকে)*

(ক) ২১ দিনে কত সপ্তাহ? ২

(খ) কততম দিনে চাল শেষ হবে? ৩

(গ) ১৩৬৫০ গ্রাম চালে কত সপ্তাহ চলবে? ৩

সমাধান : (ক) আমরা জানি, ৭ দিনে ১ সপ্তাহ

∴ ২১ দিনে (২১ ÷ ৭) সপ্তাহ = ৩ সপ্তাহ

(খ) ৬৫০ গ্রাম চাল লাগে ১ দিনে

∴ ৯৮০০০ গ্রাম চালে চলবে (৯৮০০০ ÷ ৬৫০) দিন

৬৫০) ৯৮০০০ (১৫০
৬৫০
৩৩০০
৩২৫০
৫০০

এখানে, ভাগফল ১৫০ এবং ভাগশেষ ৫০০

যেহেতু ১৫০তম দিন চলার পরও ৫০০ গ্রাম চাল অবশিষ্ট থাকে;

সুতরাং, চাল শেষ হবে (১৫০ + ১)তম দিনে = ১৫১তম দিনে

(গ) দেওয়া আছে, ৬৫০ গ্রাম চাল লাগে ১ দিনে

∴ ১৩৬৫০ গ্রাম চাল লাগে (১৩৬৫০ ÷ ৬৫০) দিনে

= ২১ দিনে

= ৩ সপ্তাহ ['ক' হতে পাই]

∴ ৩ সপ্তাহ চলবে।

**৪** একজন লোক প্রতি মাসে ৮৫০ টাকা করে সঞ্চয় করেন। তিনি সিদ্ধান্ত নিলেন যে মাসে তার সঞ্চিত টাকা ৫০০০০ অতিক্রম করবে, সে মাসে তিনি সঞ্চিত টাকার অর্ধেক টাকা ব্যাংক থেকে তুলবেন। *(অনু. ২ এর প্রশ্ন ৭ নং এর আলোকে)*

(ক) কত তম মাসে তিনি ব্যাংক থেকে টাকা তুলবেন? ৩

(খ) কত তম বছরে তার সঞ্চিত টাকা ৫০০০০ হবে? ২

(গ) তিনি ব্যাংক থেকে কত টাকা তুললেন? ৩

*(অনু. ২ এর প্রশ্ন ৭ এর আলোকে)*

www.Educationblog24.com
www.TimeofBd.Com
Educationblog24.com

TimeofBd.com

সমাধান : (ক) ৮৫০ টাকা সঞ্চয় করেন ১ মাসে

∴ ৫০০০০ টাকা সঞ্চয় করবেন (৫০০০০ ÷ ৮৫০) মাসে

এখানে,
```
       ৫৮
৮৫০) ৫০০০০
     ৪২৫০
     ----
      ৭৫০০
      ৬৮০০
      ----
       ৭০০
```

এখানে, ভাগফল ৫৮ ও ভাগশেষ ৭০০

অর্থাৎ, ৫৮ তম মাসে সঞ্চয় করার পরেও ৭০০ টাকা বাকি থাকে;

∴ (৫৮ + ১) তম = ৫৯ তম মাসে সঞ্চিত টাকা ৫০০০০ অতিক্রম করবে।

∴ ৫৯ তম মাসে ব্যাংক থেকে টাকা তুলবেন।

(খ) 'ক' হতে পাই, ৫৯ তম মাসে তার সঞ্চিত টাকা ৫০০০০ হবে।

আমরা জানি, ১ বছর = ১২ মাস।

∴ ৫৯ মাস = (৫৯ ÷ ১২) বছর

$= ৪\frac{১১}{১২}$ বছর

এখানে,
```
     ৪
১২) ৫৯
    ৪৮
    --
    ১১
```

অর্থাৎ, ৪ বছর সঞ্চয় করার পরও কিছু টাকা বাকি থাকে।

∴ (৪ + ১) তম বা ৫ম বছরে সঞ্চিত টাকা ৫০০০০ হবে।

(গ) 'ক' হতে পাই, ৫৯ তম মাসে তার সঞ্চিত টাকা ৫০০০০ অতিক্রম করবে।

এখন, তিনি ১ মাসে সঞ্চয় করেন ৮৫০ টাকা

৫৯ মাসে সঞ্চয় করেন (৮৫০ × ৫৯) টাকা

= ৫০১৫০ টাকা

এখানে,
```
   ৮৫০
 × ৫৯
 -----
  ৭৬৫০
 ৪২৫০০
 -----
 ৫০১৫০
```

∴ সঞ্চিত টাকার অর্ধেক (৫০১৫০ ÷ ২) টাকা

= ২৫০৭৫ টাকা

∴ তিনি ব্যাংক থেকে ২৫০৭৫ টাকা তুললেন।

**৫** মাইশার কাছে ৬০০০০ তা কাগজ আছে। মাইশা কাগজগুলো দিয়ে বই তৈরি করতে চায়। একটি বই তৈরি করতে ১২৮ তা কাগজ লাগে। *(অনু ২ এর ৫নং এর আলোকে)*

(ক) মাইশা কয়টি বই তৈরি করতে পারবে? ৩

(খ) ৫৭৬০০ তা কাগজ দিয়ে মাইশা পূর্বের তুলনায় কয়টি বই কম তৈরি করতে পারবে? ৫

সমাধান : (ক) ১২৮ তা কাগজ দিয়ে তৈরি হয় ১ টি বই

∴ ৬০০০০ তা কাগজ দিয়ে তৈরি হয় (৬০০০০ ÷ ১২৮)টি বই

= ৪৬৮ টি বই, অবশিষ্ট ৯৬ তা

এখানে,
```
       ৪৬৮
১২৮) ৬০০০০
     ৫১২
     ----
      ৮৮০
      ৭৬৮
      ----
      ১১২০
      ১০২৪
      ----
        ৯৬
```

∴ মাইশা ৪৬৮ টি বই তৈরি করতে পারবে।

(খ) ১২৮ তা কাগজ দিয়ে বই তৈরি হয় ১টি

∴ ৫৭৬০০ তা কাগজ দিয়ে বই তৈরি হয় (৫৭৬০০ ÷ ১২৮)টি

= ৪৫০ টি

এখানে,
```
       ৪৫০
১২৮) ৫৭৬০০
     ৫১২
     ----
      ৬৪০
      ৬৪০
      ----
        ০
        ০
      ----
        ০
```

∴ পূর্বের তুলনায় বই কম তৈরি করবে (৪৬৮ − ৪৫০)টি

= ১৮টি

**৬** একটি কোম্পানির ব্যবসায় ৯৫২০০ টাকা লাভ হলো এবং তা কর্মচারীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়ায় প্রত্যেক কর্মচারী ৮০০ টাকা করে পান। প্রত্যেক কর্মচারীর দৈনিক মজুরি ৩৫০ টাকা।

(ক) কর্মচারীর সংখ্যা কত? ৩

(খ) ৩১৫০০ টাকা কর্মচারীদের দৈনিক মজুরি দেওয়ার পর কতজন কর্মচারীর মজুরি পাওনা থাকবে? ২

(গ) ৪১৫৬০ টাকায় কতজন কর্মচারীর দৈনিক মজুরি দেওয়া যাবে? ৩

*(অনু. ২ এর প্রশ্ন ৬ এর আলোকে)*

সমাধান :

(ক) ৮০০ টাকা পান ১ জন কর্মচারী

∴ ৯৫২০০ টাকা পাবেন (৯৫২০০ ÷ ৮০০) জন কর্মচারী

= ১১৯ জন কর্মচারী

এখানে,
```
       ১১৯
৮০০) ৯৫২০০
     ৮০০
     ----
     ১৫২০
      ৮০০
     ----
     ৭২০০
     ৭২০০
     ----
        ০
```

∴ কর্মচারীর সংখ্যা ১১৯ জন।

(খ) ৩৫০ টাকা মজুরি ১ জন কর্মচারীর

∴ ৩১৫০০ টাকা মজুরি (৩১৫০০ ÷ ৩৫০) জন

= ৯০ জন কর্মচারীর

'ক' হতে পাই,

কর্মচারীর সংখ্যা ১১৯ জন

∴ মজুরি পাওনা থাকবে (১১৯ − ৯০) জন

= ২৯ জন

হিসাব
```
        ৯০
৩৫০) ৩১৫০০
     ৩১৫০
     ----
        ০
        ০
     ----
        ০
```

(গ) ১ জন কর্মচারীর দৈনিক মজুরি ৩৫০ টাকা

অর্থাৎ, দৈনিক ৩৫০ টাকা মজুরি ১ জনের

∴ দৈনিক ৪১৫৬০ টাকা মজুরি (৪১৫৬০ ÷ ৩৫০) জনের

= ১১৮ জনের, অবশিষ্ট ২৬০ টাকা

∴ ১১৮ জনের মজুরি দেওয়া যাবে।

হিসাব
```
       ১১৮
৩৫০) ৪১৫৬০
     ৩৫০
     ----
      ৬৫৬
      ৩৫০
     ----
     ৩০৬০
     ২৮০০
     ----
      ২৬০
```

www.Educationblog24.com
www.TimeofBd.Com
Educationblog24.com